



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu

প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
নবনির্মিত বীরপ্রতিক তারামন বিবি হল ও জাতীয় কবি কাজী নজরুল ইসলাম
হলের চাবি হস্তান্তর

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৫ জুলাই ২০২৪।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে নবনির্মিত বীরপ্রতিক তারামন বিবি হল (১৯ নম্বর ছাত্রী হল) ও জাতীয় কবি কাজী নজরুল ইসলাম হলের (২২ নম্বর ছাত্র হল) চাবি হস্তান্তর করা হয়েছে। সোমবার উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলমের সভাপতিত্বে উপাচার্য অফিসের কনফারেন্স কক্ষে রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক) মো. আবু হাসানের হাতে এ চাবি তুলে দেন অধিকতর উন্নয়ন প্রকল্পের পরিচালক মো. নাসির উদ্দিন। এসময় উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মোস্তফা ফিরোজ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার প্রমুখ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম আশা প্রকাশ করেন শীঘ্রই এ দু'টি হলে শিক্ষার্থী উঠানো হবে। গণরুম সংস্কৃতি আর থাকবে না। শিক্ষার্থীরা স্বাচ্ছন্দ্যে সুষ্ঠু পরিবেশে শিক্ষা-গবেষণায় মনোনিবেশ করতে পারবে।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

